

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন সংক্রান্ত সুনামগঞ্জ সদর উপজেলা কমিটির  
৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

তারিখ : ০৭/০৩/২০২২ খ্রি.  
সময় : বেলা-১১.৩০ ঘটিকা।  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।  
সভাপতি : ইমরান শাহারীয়ার, উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় কমিটির সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার, সুনামগঞ্জ সদর উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ এর বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করেন।

সভায় সভাপতি বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত কার্যক্রম শতভাগ অর্জনের বিষয়ে কি কি কাজ করা হবে সে বিষয়ে লক্ষ্যমাত্রা ও পরিকল্পনা প্রয়োজন রয়েছে। তিনি উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে নিয়মিত নিজ নিজ অফিস তদারকি করার জন্য অনুরোধ করেন। ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন করার লক্ষ্যে ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন এবং অর্জনের বিপরীতে সুনির্দিষ্ট প্রমাণক দাখিল করার বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।


সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।

সিদ্ধান্তসমূহ :

ক্র:নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	২০২১-২২ অর্থ বছরে এপিএ গাইড লাইন অনুসারে এপিএ'র ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি/২২ হতে মার্চ/২২) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ও প্রমাণক APAMS সফটওয়্যারে আপলোড পূর্বক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে যথাসময়ে প্রেরণ করার জন্য উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। প্রতিবেদনের ০১ (এক) কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুনামগঞ্জ সদরে প্রেরণ করার জন্য ও অনুরোধ করা হয়।	উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০২	উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে এখন পর্যন্ত এপিএ টিম গঠন করা হয়নি সে সকল দপ্তর প্রধানকে আগামী সভার পূর্বে এপিএ টিম গঠন পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৩	উপজেলা পর্যায়ে এপিএ টিম/কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং স্ব স্ব কার্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরের জন্য স্বাক্ষরিত এপিএ এবং ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রত্যেক দপ্তরের পোর্টালের সেবা বক্সে আপলোডের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	১। উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। ২। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব, এপিএ সংক্রান্ত সুনামগঞ্জ সদর উপজেলা কমিটি, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

০৪	২০২১-২২ অর্থ বছরে নিজ নিজ দপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।	উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
----	--	--

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৭.৩.২২

(ইমরান শাহরীয়ার)

উপজেলা নির্বাহী অফিসার

ও সভাপতি

এপিএ সংক্রান্ত সুনামগঞ্জ সদর উপজেলা কমিটি

সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

স্মারক নং : ০৫.৪৬.৯০৮৯.০০০.০১.০০১.১৯.৫৬৮(৫০)

তারিখ : ০৭/০৩/২০২২ খ্রি।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে

- ০১। সহকারী কমিশনার (ভূমি), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ০২। অফিসার ইনচার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা, সুনামগঞ্জ।
- ০৩। উপজেলা ..... অফিসার (সংশ্লিষ্ট সকল),  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ০৪। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব, এপিএ সংক্রান্ত সুনামগঞ্জ সদর উপজেলা কমিটি,  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০৫। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৭। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০৮। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১০। অফিস কপি।

  
০৭.৩.২২

উপজেলা নির্বাহী অফিসার

সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।